অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল CUNY এর সফল শিক্ষানবিশি ডিগ্রি কর্মসূচি সম্প্রসারণ করার জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

শিক্ষার্থীদের সবেতন শিক্ষানবিশি প্রদান করা শীর্ষ নিউ ইয়র্ক সিটি কোম্পানিগুলির সাথে ব্লুমবার্গ, ট্র্যাভেলার্স, এবং নর্থওয়েল হেলথ যোগদান করছে

শিক্ষানবিশি কর্মসূচির শিক্ষার্থীরা বেতন পাবে, কোর্স ক্রেডিট অর্জন করবে এবং হাতে কলমের অভিজ্ঞতা অর্জন করতে পারবে

কর্মীবাহিনী বিকাশ কর্মসূচিতে বিনিয়োগ করার গভর্নর হোকলের প্রতিশ্রুতির অংশ হিসেবে তার পূর্বতন কর্মসূচি সম্প্রসারণের উপর ভিত্তি করে এটি সম্ভব হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) অ্যাসোসিয়েটস অফ অ্যাপ্লায়েড সাইন্স কলেজ অ্যাপ্রেন্টিসশিপ (Associates of Applied Science College Apprenticeship, AAS) কর্মসূচি সম্প্রসারণ করার জন্য এবং শিক্ষার্থীদের জন্য শিক্ষানবিশির সুযোগের সংখ্যা বৃদ্ধি করার জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ঘোষণা করলেন। বিনিয়োগটির ফলে CUNY, নিউ ইয়র্ক জবস CEO কাউন্সিলের (New York Jobs CEO Council) সাথে অংশীদারিত্বে, বর্তমানে অ্যাসোসিয়েটস ডিগ্রি সন্ধানী শিক্ষার্থীদের সবেতন শিক্ষানবিশি প্রদান করা এর নেটওয়ার্কে আরো চাকরিদাতাকে যোগ করতে পারবে, যা ব্লুমবার্গ (Bloomberg), ট্র্যাভেলার্স (Travelers), এবং নর্থওয়েল হেলথকে (Northwell Health) অন্তর্ভুক্ত করতে অংশগ্রহণকারী কোম্পানির সংখ্যা বৃদ্ধি করে দিবে। সম্প্রসারণটি গত বছর স্টেটের করা একটি অনুরূপ বিনিয়োগের অনুবর্তী যা 2023-2024 শিক্ষাবর্ষ চলাকালে ডিগ্রি কর্মসূচির মধ্যে অন্তর্ভুক্ত করার জন্য 12টি শিক্ষানবিশি কর্মসূচির তৈরিকে সমর্থন করে।

"শিক্ষানবিশি হলো অনেকের জন্য অতি গুরুত্বপূর্ণ একটি ব্যবস্থা, যা শিক্ষার্থীদেরকে ডিগ্রি অর্জনের সময়ই তাদের ক্যারিয়ার শুরু করার একটি সুযোগ দেয়," **গভর্নর হোকল বলেন।** "2 মিলিয়ন মার্কিন ডলারের এই সম্প্রসারণের মাধ্যমে, আমরা CUNY এর শিক্ষার্থীদের জন্য আরো শিক্ষানবিশি সুযোগ উন্মোচন করছি এবং নতুন প্রজন্মের নিউ ইয়র্কবাসীকে আমাদের স্টেটেই ভালো বেতনের চাকরি নিশ্চিত করার জন্য প্রস্তুত করছি।"

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "আমরা ইতিমধ্যেই দেখেছি দুই বছরের একটি ডিগ্রি অর্জনের চেষ্টায় থাকা তরুণদের জন্য একটি শিক্ষানবিশি কতটা প্রভাবশালী

হতে পারে, এবং তাই আমাদের শিক্ষার্থীদের জন্য এমন আরো সুযোগ প্রদান করাই আমাদের জন্য সঠিক। কোনো বড় চাকরিদাতার সাথে সবেতন একটি চাকরির পথ হিসেবে, শিক্ষানবিশি কলেজের পর তাদের আকাঙ্ক্ষিত স্থানে যাওয়ার একটি সরাসরি প্রবেশপথ হতে পারে। নিউ ইয়র্কের ভবিষ্যৎ কর্মীবাহিনীর নেতৃত্ব দানকারী CUNY শিক্ষার্থীদের জন্য বিনিয়োগ অব্যাহত রাখার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, এবং আমাদের শিক্ষার্থীদের স্বাগত জানানো চাকরিদাতাদের প্রতি আমরা কৃতজ্ঞ, যারা নিজেরাও এর দ্বারা লাভবান হচ্ছে। সর্বশেষ এই সম্প্রসারণ হলো আমাদের শিক্ষার্থীদেরকে কর্মক্ষেত্রে সাথে আরো ভালোভাবে সংযুক্ত করে দেওয়া এবং নিউ ইয়র্কে আমাদের কৌশলী লক্ষ্যসমূহকে তুলে ধরার জন্য CUNY এর প্রয়াসের অংশ।"

সাতটি CUNY কমিউনিটি কলেজ এবং সেই সাথে স্ট্যাটেন আইল্যান্ড কলেজ (College of Staten Island), মেডগার এভার্স কলেজ (Medgar Evers College) এবং নিউ ইয়র্ক সিটি কলেজ অফ টেকনোলজিতে (New York City College of Technology) এইসব শিক্ষানবিশি উপলভ্য থাকবে, যাদের সকলেই অ্যাসোসিয়েট অফ অ্যাপ্লায়েড সাইন্সেস ডিগ্রি প্রদান করে থাকে। ডিগ্রির পথের একটি সমন্বিত অংশ হিসেবে, এইসব সবেতন শিক্ষানবিশি শিক্ষার্থীদেরকে একটি অংশীদার কোম্পানি দ্বারা এক বা দুই সেমিস্টারের জন্য চাকরি করে নয়টি ক্রেডিট অর্জন করতে দেয়। এর উদ্দেশ্য হলো অভিজ্ঞতার শেষে সফল শিক্ষানবিশদেরকে পূর্ণকালীন চাকরিজীবীতে রূপান্তরিত করা। বিনিয়োগটি নিউ ইয়র্ক সিটিতে প্রদত্ত শিক্ষানবিশি সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে।

নিউ ইয়র্ক জবস CEO কাউন্সিলের নির্বাহী পরিচালক কির্স্টেন বার্নেট বলেন, "নিউ ইয়র্ক জবস CEO কাউন্সিল হিসেবে, আমাদের সদস্য কোম্পানিগুলি এন্ট্রি লেভেল চাকরির প্রতিবন্ধকতা অপসারণ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। ব্লুমবার্গ, ট্র্যাভেলার্স, এবং নর্থওয়েল হেলথের মতো কোম্পানি বিশ্বাস করে যে শিক্ষানবিশি মডেল উচ্চ বেতনের চাকরির জন্য সমতার সুযোগ সৃষ্টি করে, এবং একই সাথে তাদের আর্লি ক্যারিয়ার নিয়োগদানের কৌশলকে সমর্থনকে করে।"

এই অব্যাহত সম্প্রসারণের মাধ্যমে প্রদত্ত শিক্ষানবিশি কয়েকশত শিক্ষার্থীকে সমর্থন করবে, যাদের অধিকাংশ AAS ডিগ্রি কর্মসূচিতে রয়েছে, এটি গ্র্যাজুয়েশনের পর পর সরাসরি একটি ক্যারিয়ারে প্রবেশ করার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করার জন্য তৈরি করা হয়েছে। তুলনামূলকভাবে, অন্যান্য অ্যাসোসিয়েট ডিগ্রি কর্মসূচি গতানুগতিকভাবে শিক্ষার্থীদেরকে একটি ব্যাচেলর্স ডিগ্রি কর্মসূচিতে বদলি করে দেয়।

CUNY এটির শিক্ষার্থী ও গ্র্যাজুয়েটদের জন্য কর্মীদল উন্নয়নের উদ্যোগসমূহ সম্প্রসারণকে অগ্রাধিকার দিয়েছে। এসব প্রচেষ্টার মধ্যে CUNY অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি উদ্যোগের (CUNY Inclusive Economy Initiative) জন্য 16 মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব বৃদ্ধি করা; CUNY ফিউচার্স ইন ফাইন্যান্স (CUNY Futures in Finance)-এর মাধ্যমে শিক্ষার্থীদেরকে ফাইন্যান্সিয়াল ক্যারিয়ারের জন্য প্রশিক্ষণ প্রদান করা; এবং CUNY ক্যারিয়ার লঞ্চ (CUNY Career Launch)-এর মাধ্যমে গ্রীষ্মকালীন সময়ে শিক্ষার্থীদেরকে সরকারি খাতের ও অলাভজনক কর্মসংস্থানগুলোতে নিয়োগের ব্যবস্থা করা অন্তর্ভুক্ত রয়েছে। চ্যান্সেলর ম্যাটোস রড্রিগেজ বর্তমানে সিটির ফিউচার অফ ওয়ার্কার্স টাস্ক

ফোর্সে (Future of Workers Task Force) সহ প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন, মেয়র অ্যাডামস টাস্ক ফোর্সটিকে শিক্ষানবিশির সুযোগ সম্প্রসারণ করাসহ কর্মীবাহিনী গঠনের উপায় অনুসন্ধান করার দায়িত্ব দিয়েছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন